# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ক্রন্দনকারীগণ (البكّاؤون)

অসুখ, দরিদ্রতা, বাহন সংকট প্রভৃতি কারণে যারা জিহাদে যেতে পারেননি, তারা জান্নাত লাভের এই মহা সুযোগ হারানোর বেদনায় কাঁদতে থাকেন। যারা ইতিহাসে ‘ক্রন্দনকারীগণ’ (الْبَكَّاؤُون) বলে খ্যাত (যাদুল মা‘আদ ৩/৪৬২-৬৩)। তাদেরই অন্যতম ছিলেন, ‘উলবাহ বিন যায়েদ(عُلْبَةُ بن زَيْدٍ)। যিনি রাত্রি জেগে ছালাত আদায় করেন ও আল্লাহর নিকটে কেঁদে কেঁদে বলেন, ‘হে আল্লাহ! তুমি আমাদেরকে জিহাদের নির্দেশ দিয়েছ ও তাতে উৎসাহিত করেছ। কিন্তু আমার নিকটে এমন কিছু নেই, যা দিয়ে আমি তোমার রাসূলের সঙ্গে যেতে সক্ষম হই এবং আমার দেহে বা সম্পদে যে সব যুলুম হয়েছে, তার প্রতিটি যুলুমের বিনিময়ে প্রত্যেক মুসলমানের উপর আমি ছাদাক্বা করি’। অতঃপর ফজর ছালাতের পর রাসূল (ছাঃ) সবার উদ্দেশ্যে বললেন, আজ রাতে ছাদাক্বা দানকারী কোথায়? কিন্তু কেউ দাঁড়ালো না। রাসূল (ছাঃ) দ্বিতীয়বার বললে ঐ ব্যক্তি দাঁড়াল ও তাঁকে সব খবর জানাল। তখন রাসূল (ছাঃ) বললেন,أَبْشِرْ فَوَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَقَدْ كُتِبَتْ فِي الزَّكَاةِ الْمُتَقَبَّلَةِ ‘সুসংবাদ গ্রহণ কর! যার হাতে মুহাম্মাদের জীবন তাঁর কসম করে বলছি, তোমার ছাদাক্বা আল্লাহর কবুলকৃত যাকাতের অন্তর্ভুক্ত হয়ে গেছে’। অন্য বর্ণনায় এসেছে,قَدْ غُفِرَ لَهُ ‘তাকে ক্ষমা করা হয়েছে’।[1]

আবু মূসা আশ‘আরীর নেতৃত্বে আশ‘আরীগণ এসে বাহনের দাবী করলে রাসূল (ছাঃ) তাদেরকে তিনটি উটের বেশী দিতে পারলেন না’ (বুখারী হা/৬৭১৮)। ফলে এইসব দুর্বল ও অক্ষমদের বিষয়ে নাযিল হয়,لَيْسَ عَلَى الضُّعَفَاءِ وَلاَ عَلَى الْمَرْضَى وَلاَ عَلَى الَّذِينَ لاَ يَجِدُونَ مَا يُنْفِقُونَ حَرَجٌ إِذَا نَصَحُوا لِلَّهِ وَرَسُولِهِ مَا عَلَى الْمُحْسِنِينَ مِنْ سَبِيلٍ وَاللهُ غَفُورٌ رَحِيمٌ- وَلاَ عَلَى الَّذِينَ إِذَا مَا أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لاَ أَجِدُ مَا أَحْمِلُكُمْ عَلَيْهِ تَوَلَّوْا وَأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلاَّ يَجِدُوا مَا يُنْفِقُونَ- ‘কোন অভিযোগ নেই দুর্বলদের উপর, রোগীদের উপর ও ব্যয়ভার বহনে অক্ষমদের উপর, যদি তারা আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি খালেছ ঈমান রাখে। বস্ত্ততঃ সৎকর্মশীলদের বিরুদ্ধে কোনরূপ অভিযোগ নেই। আর আল্লাহ ক্ষমাশীল ও দয়াবান’। ‘অধিকন্তু ঐসব লোকদের বিরুদ্ধে কোন অভিযোগ নেই যারা তোমার নিকট এজন্য আসে যে, তুমি তাদের (জিহাদে যাবার) জন্য বাহনের ব্যবস্থা করবে। অথচ তুমি বলেছ যে, আমার নিকটে এমন কোন বাহন নেই যার উপর তোমাদের সওয়ার করাবো। তখন তারা এমন অবস্থায় ফিরে যায় যে, তাদের চক্ষুসমূহ হ’তে অবিরলধারে অশ্রু প্রবাহিত হতে থাকে এই দুঃখে যে, তারা এমন কিছু পাচ্ছে না যা তারা ব্যয় করবে’ (তওবা ৯/৯১-৯২)। রাসূল (ছাঃ) বলেন, ‘নিশ্চয়ই মদীনায় একদল লোক রয়েছে। যারা তোমাদের সাথে অভিযানে অংশগ্রহণ করেনি।... حَبَسَهُمُ الْعُذْرُ ‘ওযর তাদেরকে আটকিয়ে রেখেছিল’ (বুখারী হা/৪৪২৩)।

## ফুটনোট

[1]. যাদুল মা‘আদ ৩/৪৬২-৬৩, সনদ ছহীহ -আরনাঊত্ব; সীরাহ ছহীহাহ ২/৫২৯-৩০; আল-ইছাবাহ, ‘উলবাহ ক্রমিক ৫৬৬১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5640

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন